



তথ্যবিবরণী

নম্বর- ১২০

## আঞ্চলিক তথ্য অফিসের সাথে গণমাধ্যম সংস্কার কমিশনের প্রস্তুতি সভা

রাজশাহী; ২৩ অগ্রহায়ণ (০৮ ডিসেম্বর):

দেশের সাতটি আঞ্চলিক তথ্য অফিসের অফিস প্রধানগণের সাথে গণমাধ্যম সংস্কার কমিশনের প্রশাসনিক দায়িত্বে নিয়োজিতদের এক প্রস্তুতি সভা আজ (০৮ ডিসেম্বর) ঢাকাস্থ তথ্য ভবনে গণমাধ্যম সংস্কার কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। গণমাধ্যম সংস্কার কমিশনের উপসচিব কাজী জিয়াউল বাসেত এ সভায় সভাপতিত্ব করেন।

সভায় জানানো হয়, গণমাধ্যম সংস্কার কমিশন দেশের প্রতিটি বিভাগে সাংবাদিকদের সাথে মতবিনিময় ও তাদের পরামর্শ গ্রহণ করবেন। বিভাগীয় পর্যায়ে সভা অনুষ্ঠিত হলেও সেখানে প্রতিটি জেলার সাংবাদিকদের প্রতিনিধিত্ব থাকবে। আগামী ২৪ ডিসেম্বর বরিশাল বিভাগে প্রথম মতবিনিময় সভা শুরু হবে এবং পর্যায়ক্রমে অন্যান্য বিভাগগুলোতে সভা অনুষ্ঠিত হবে মর্মে সভায় প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়।

.....

তৌহিদ/আতিক/আরিফ/আলীম/রুহুল/হালিম/২০২৪/১৩:২০ ঘ.